

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
মাননীয় উপদেষ্টার দপ্তর

**প্রেস বিজ্ঞপ্তি**

ঢাকা, রবিবার, ০৬ এপ্রিল ২০২৫ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের বিশেষ সহকারী হিসেবে ড. শেখ মহিনউদ্দিন আজ সকালে মন্ত্রণালয়ে যোগদান করেছেন। গত ০৫ মার্চ ২০২৫ তারিখের এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের বিশেষ সহকারী হিসেবে নিয়োগ প্রদান করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী বিশেষ সহকারী পদে অধিষ্ঠিত থাকাকালে তিনি প্রতিমন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতাদি ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা প্রাপ্ত হবেন।

ড. শেখ মহিনউদ্দিন কর্মজীবনে ২০২৩ সাল থেকে ক্যালিফোর্নিয়া ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন বিভাগের সেফটি এন্ড অপারেশন এর প্রধান হিসেবে দায়িত্বরত ছিলেন। এর আগে তিনি একই বিভাগে প্রজেক্ট ম্যানেজার হিসেবে কাজ করেছেন।

সড়ক ও সেতু মন্ত্রণালয়ের বিশেষ সহকারী হিসেবে দায়িত্বপ্রাপ্ত ড. শেখ মহিনউদ্দিন আমেরিকার লুজিয়ানা বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি, ক্যালিফোর্নিয়া স্টেট বিশ্ববিদ্যালয় থেকে একই বিষয়ে এমএসসি এবং ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় থেকে অবকাঠামো ও পরিবেশ বিষয়ের উপর পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

তিনি বনানীস্থ সেতু ভবন থেকে তাঁর দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবেন।

স্বাক্ষরিত  
০৬.০৪.২০২৫  
(নোবেল দে)  
তথ্য অফিসার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
Email: nobeldeydu@gmail.com  
মোবাইল: ০১৯৭৩-২৫১৬০৮